## দিঘলিয়া উপজেলা যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধ কমিটি মে ২০২৬ খ্রি.মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব সুজন দাশ গুপ্ত
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া খুলনা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দিঘলিয়া খুলনা
সভার তারিখ : ২১/০৫/২০২৬ খ্রি. সময় : ১১.২০ মিনিট

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর এর তালিকা হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। নতুন কোন সংযোজন বা বিয়োজন না থাকায় কার্যবিবরণীতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | যোগীপোল ইউনিয়নে ০১ টি উঠান বৈঠক করা হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দিঘলিয়া খুলনা জানান যে, তাঁর দপ্তরের মাধ্যমে আয়তুন্নেছা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের মধ্যে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা করা হয়। | উঠান বৈঠকের মাধ্যমে প্রচার প্রচারণা করতে হবে। | সংশিষ্ট উপজেলা কমিটির সদস্যবৃন্দ। |
| ০২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে,তাঁর দপ্তরে আগত উপকারভোগীদের মাঝে যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ বিষয়ে আলোচনা করা হয়। | যৌতুক ও বাল্য বিবাহ নিরোধ প্রচারণা সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ০৩ | সভাপতি মহোদয় বলেন যে, যৌতুক বাল্যবিবাহের প্রতিরোধে কমিটির সকল সদস্যকে দাপ্তরিক কাজের মাধ্যমে বাল্য বিবাহ বন্ধের নিমিত্তে প্রচারণা বৃদ্ধি করতে হবে। | বাল্যবিবাহ বন্ধে প্রচার প্রচারণা বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সংশ্লিষ্ট উপজেলা কমিটির সদস্যবৃন্দ |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৫/২৬

সুজন দাশ গুপ্ত
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ কমিটি
দিঘলিয়া খুলনা

স্মারক নং- ৩২.০১.৪৭৪০.০০০.১৮.০০০.১৬.২৬-১২৭

তারিখ : ২১/০৫/২০২৬ খ্রি:

সদয় অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক,খুলনা।
০২. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা
০৩. উপজেলা .................................কর্মকর্তা, দিঘলিয়া খুলনা
০৪. ........................................... দিঘলিয়া খুলনা
০৫. অফিস নথি

২১/৫/২৬

নবনীতা দত্ত
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ কমিটি
দিঘলিয়া খুলনা

CamScanner

# উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মে ২০২৬ খ্রিষ্টাব্দ মাসের সভার কার্যবিবরণী

**সভাপতি** : জনাব সুজন দাশ গুপ্ত
উপজেলা নির্বাহী অফিসার
দিঘলিয়া খুলনা

**সভার স্থান** : উপজেলা পরিষদ সভাকক্ষ, দিঘলিয়া খুলনা

**সভার তারিখ :** ২১/০৫/২০২৬ খ্রি. **সময় :** ১১.৫০ মিনিট

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে।

সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য-সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীটি কোন প্রকার সংশোধনী ছাড়া তা উপস্থিত সকল সদস্যগণ সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি গৃহীত হয়। অত:পর তিনি উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধকল্পে সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন। সভায় সভাপতি মহোদয় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র: | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | বাল্য বিবাহ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দিঘলিয়া খুলনা জানান যে, মে ২০২৬ খ্রি.মাসে কোন বাল্য বিবাহের ঘটনা ঘটে নাই। | বাল্য বিবাহ বন্ধে সকলকে সচেতন থাকার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | বাল্য বিবাহ নিরোধ আইন অনুসারে উপজেলা কমিটির সকল সদস্য |
| ০২ | সচেতনতামূলক কার্যক্রম | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে দিঘলিয়া ইউনিয়নে ও যোগীপোল ইউনিয়নে ০২ টি উঠান বৈঠক করা হয়। | ভিডব্লিউবি উপকাভোগীদের চাল বিতরণ করার সময় উঠান বৈঠক করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা, সমাজ সেবা কর্মকর্তা, যুব উন্নয়ন কর্মকর্তা ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তথ্যসেবা কর্মকর্তা, |
| ০৩ | যৌতুকের বিরুদ্ধে প্রচারণা ও স্বাক্ষর | মে ২০২৬ খ্রি.মাসে ০৬টি ইউনিয়নের ভিডব্লিউবি খাদ্যশস্য বিতরণের সময় যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা করা হয়। | সচেতনতামূলক কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৪ | নারী নির্যাতন প্রতিরোধ সেল | উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ সেলে কোন অভিযোগ পাওয়া যায় নাই। | নারী নির্যাতন প্রতিরোধ সম্পর্কে জনগণকে সচেতন করার সিদ্ধান্ত গহণ করা হয়। | নারী নির্যাতন প্রতিরোধ সেলের সদস্যবৃন্দ |
| ০৫ | আদালত থেকে প্রাপ্ত মামলা | বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন ট্রাইবুনাল নং-১,খুলনা হতে তদন্তের জন্য কোন অভিযোগ পাওয়া যায় নাই। | প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ---- |
| ০৬ | পরামর্শ কাউন্সিলিং | অত্র দপ্তরে এপ্রিল ২০২৬ খ্রি. মাসে ১২ জন মহিলাকে পরামর্শ এবং কাউন্সিলিং সেবা প্রদান করা হয়ে থাকে। | অবহেলিত ও নির্যাতিত মহিলাদের অগ্রাধিকার দিয়ে তাদের সমস্যা সমাধানে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ০৭ | যৌন হয়রানি নিরোধ | সভাপতি মহোদয় বলেন যে, নারী নির্যাতন প্রতিরোধে সকল পর্যায়ে উঠান বৈঠকে সচেতন করার নির্দেশ প্রদান করেন এবং বাল্যবিবাহ সংক্রান্ত কোন তথ্য উপজেলা প্রশাসন ও অফিসার ইন-চার্জ ,দিঘলিয়া থানাকে অবহিত করার নির্দেশ প্রদান করেন। | সকল প্রকার উঠান বৈঠকে যৌন হয়রানি প্রতিরোধে সচেতন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | মাধ্যমিক শিক্ষা অফিস, দিঘলিয়া থানা, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/৫/২

সুজন দাশ গুপ্ত
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
দিঘলিয়া খুলনা
তারিখ : ২১/০৫/২০২৬খ্রি.

স্মারক নং ৩০.০১.৪৭৪০.০০০.১৮.০০০.১৬.২৬- ৭২৬

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

০১. জেলা প্রশাসক, খুলনা
০২ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা
০৩. উপজেলা ...............................কর্মকর্তা, দিঘলিয়া খুলনা
০৪. ........................................ দিঘলিয়া খুলনা
০৫. অফিস নথি

২১/৫/২৬
নবনীতা দত্ত
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
দিঘলিয়া খুলনা

CamScanner